



রেজিস্ট্রার দপ্তর
জগন্নাথ বিশ্ববিদ্যালয়
ঢাকা-১১০০, বাংলাদেশ
ফোন: (+৮৮০-২) ৯৫৩৪২৫৫
ই-মেইল: registrar@jnu.ac.bd



জবি/প্রশা-৩২/২০০৭/

তারিখ: ০৩ আশ্বিন, ১৪২৮
১৮ সেপ্টেম্বর, ২০২১

বিজ্ঞপ্তি

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষার্থী এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের কোভিড-১৯ টিকা প্রদান সাপেক্ষে খুব দ্রুতই বিশ্ববিদ্যালয় খুলে দেওয়ার ঘোষণা দিয়েছে। সে প্রেক্ষিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত/গবেষণারত যে সকল শিক্ষার্থীর জাতীয় পরিচয় পত্র (NID) আছে তাদের সরাসরি www.surokkha.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে জরুরী ভিত্তিতে টিকা গ্রহণের নিমিত্তে নিবন্ধন (Registration) করে কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

এছাড়া জগন্নাথ বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত/গবেষণারত ১৮ বা ১৮ বছরের বেশি বয়সের শিক্ষার্থীদের যাদের জাতীয় পরিচয়পত্র (NID) নেই এমন শিক্ষার্থীদের কোভিড-১৯ ভ্যাকসিন গ্রহণ/প্রদানের লক্ষ্যে শিক্ষার্থীগণ তাদের জন্মনিবন্ধন নম্বর নিজ নিজ স্টুডেন্ট পোর্টালে লগইন করে নির্ধারিত ফিল্ডে আগামী ২১/০৯/২০২১ তারিখের মধ্যে তথ্যাদি ইনপুট দেয়ার জন্য অনুরোধ করা হলো। পরবর্তীতে তাদের জন্মনিবন্ধনের তথ্যাদি স্বাস্থ্য অধিদপ্তরের মাধ্যমে www.surokkha.gov.bd ওয়েব সাইটে সংযুক্ত করার/হওয়ার পর তাদেরকেও একই ওয়েব সাইটের (www.surokkha.gov.bd) মাধ্যমে টিকা গ্রহণের নিমিত্তে নিবন্ধন (Registration) করতে হবে।

যে সকল শিক্ষার্থীদের জন্মনিবন্ধন সনদও নেই তাদেরকে জরুরী ভিত্তিতে জন্মনিবন্ধন করার জন্য অনুরোধ করা হলো।

০২। বিষয়টি অতিব জরুরি এবং বিশ্ববিদ্যালয় খোলার সাথে সম্পর্কযুক্ত বিধায় গুরুত্বের সাথে বিবেচনা করতে অনুরোধ করছি।

উপাচার্য মহোদয়ের আদেশক্রমে,

১৮-০৯-২০২১

(প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান)

রেজিস্ট্রার

তারিখ: ১৮ সেপ্টেম্বর, ২০২১

জবি/প্রশা-৩২/২০০৭/

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১-০৬। ডীন, সকল অনুষদ, জবি;
- ০৭-০৮। পরিচালক, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউট/ইনস্টিটিউট অব মডার্ন ল্যাংগুয়েজেস (সংশ্লিষ্ট সকল শিক্ষার্থী/গবেষককে অবহিত করার অনুরোধসহ, জবি;
- ০৯-৪৪। চেয়ারম্যান, সকল বিভাগ (সংশ্লিষ্ট সকল শিক্ষার্থী/গবেষককে অবহিত করার অনুরোধসহ, জবি;
- ৪৫। প্রভোস্ট, জবি;
- ৪৬। প্রক্টর, জবি;
- ৪৭-৫১। পরিচালক (গবেষণা/ছাত্র কল্যাণ/অর্থ ও হিসাব/আইসিটি (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)/পিআরআইপি (জবি ফেসবুক পেজসহ বহুল প্রচারের অনুরোধসহ), জবি;
- ৫২। পরীক্ষা নিয়ন্ত্রক, জবি;
- ৫৩। ডেপুটি রেজিস্ট্রার ও পিএস টু ভিসি (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
- ৫৪। উপ-পরিচালক (অডিট), ট্রেজারার দপ্তর (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য), জবি;
- ৫৫। অফিস নথি/সংশ্লিষ্ট নথি।

১৮/০৯/২০২১

(মোহাম্মদ মশিরুল ইসলাম)
ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন)